দৈনিক বাংলা

তারিখ ... 09 JAN 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১

# বৈষম্যহীন জাতীয় শিক্ষানীতি প্রণয়নের দাবী

সম্প্রতি জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন (এন, এফ, টিএ)–এর জাতীয় নির্বাহী কমিটির এক সভা ১৪৬, গ্রীন রোডস্থ ফেডারেশন অফিসে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ফেডারেশনের সভাপতি প্রফেসর এম, এ লতিফ।

সভায় শিক্ষাক্ষেত্রে সরকারী নীতি পর্যালোচনা করা হয় এবং বৈষম্যহীন জাতীয় শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দাবী জানান হয়।

সভায় দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিবিধ ব্যয় নির্বাহের জন্য বহু বছর ধরে প্রদত্ত আবর্তক মঞ্জুরী ১৯৮৮–৮৯ থেকে বন্ধ করে দেয়ায় ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে উহা পুনর্বহালের দাবী জানানো হয়। সভায় সরকারী প্রতিষ্ঠানসমূহের ন্যায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানেও উৎসব ভাতা বরাদ্দের দাবী জানানো হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।